

উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ।

সভাপতিঃ জনাব বার্না রহমান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
সভার স্থানঃ উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ।
সভার তারিখঃ ২২/০৬/২০২২ ইং সকাল ১১ঃ০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট” ক

অধ্যকার জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটির কার্যক্রম শুরু হয় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব বার্না রহমান এর সভাপতিত্বে। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপ-সহকারী প্রকৌশলীকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভা অনুষ্ঠিত হয়।

ক্রঃ নং- ০১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও আলোচনা।		
আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়	সংশ্লিষ্ট সকল

ক্রঃ নং- ০২: পল্লী পানি সরবরাহ প্রকল্পের বিষয়ে কাজের অগ্রগতির আলোচনা।।		
আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
আড়াইহাজার উপজেলায় পল্লী পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৬ টি সাবমারসিভল নলকূপ বরাদ্দ পাওয়া গিয়াছে এবং খনন কাজ সমাপ্ত হইয়াছে। প্লাটফর্ম নির্মাণ কাজ চলমান	সভায় বিস্তারিত আলোচনান্তে, জনস্বাস্থ্য প্রকৌশলীকে পল্লী পানি সরবরাহ প্রকল্পের বাকী কাজ তদারকির মাধ্যমে সঠিকভাবে সম্পূর্ণ করতে বলা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

ক্রঃ নং- ০৩: সমগ্র দেশে পানি সরবরাহ প্রকল্পের কাজের অগ্রগতির আলোচনা।।		
আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২৬০ টি সাবমারসিভল সংযুক্ত নলকূপ বরাদ্দ পাওয়া গিয়াছে। এবং হাইজাদী এবং সাত গ্রাম ইউনিয়নে খনন কাজ শুরু হইয়াছে।	সভায় বিস্তারিত আলোচনান্তে, জনস্বাস্থ্য প্রকৌশলীকে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের কাজ তদারকির মাধ্যমে সঠিকভাবে সম্পূর্ণ করতে বলা হয়	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বার্না রহমান)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ স্থায়ী কমিটি
আড়াইহাজার উপজেলা, নারায়ণগঞ্জ।